# উপজেলা পরিষদ কার্যালয়

তাড়াইল, কিশোরগঞ্জ

বিষয় ঃ সেপ্টেম্বর/২০২৫ (বিবেচ্য আগস্ট/২০২৫) মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোছাঃ পপি খাতুন,
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

সভার তারিখ ও সময় ঃ ২৯/০৯/২০২৫ খ্রি., বেলা-১২.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় গত আগস্ট/২০২৫ মাসে অনুষ্ঠিত (বিবেচ্য মাস জুলাই/২০২৫) উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অতঃপর, নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| বিভাগ/অফিস | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার অফিস হতে তথ্য পাওয়া যায়নি। সভায় আলোচনান্তে তাঁর বিভাগের কার্যক্রমের তথ্য মাসিক সভা শুরুর আগের দিন প্রেরণে জন্য অভিমত ব্যক্ত করা হয়। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনাসহ তাঁর বিভাগের কার্যক্রমের তথ্য মাসিক সভা শুরুর আগের দিন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা তাড়াইল |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, আগস্ট/২০২৫ মাস পর্যন্ত মোট সক্ষম দম্পতির সংখ্যা ৩২২৩৩ জন, মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২৫২১৬জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৭৮.২৩। আগস্ট/২০২৫ মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ ০০ জন মহিলা ৩জন, আইইউডি ৩জন, ইমপ্লান্ট ৫২জন, খাবার বড়ি সেবনকারী ৬৮৪জন, কনডম গ্রহণকারী ২৫৬জন, ইনজেকশন গ্রহণকারী ৩০৮জন, মোট গর্ভবতীর সংখ্যা ১১৮জন, গর্ভকালীন সেব গ্রহণকারী ৪৭৫জন, প্রসব সেবা ১২৬ জন, প্রসবোত্তর সেবা গ্রহণকারী ২৮৭জন, শিশু সেবাগ্রহণকারী ১৫২২জন, ইসিপি ১৩জন, কিশোর/কিশোরী সেবা ৫৫৬৯জন, পুষ্টি সেবা ২৫৪৪জন, সাধারণ পুরুষ রোগী সেবাগ্রহণকারী ৮৫৫জন ও সাধারণ মহিলা রোগী সেবাগ্রহণকারী ১৮৫৫জন, মিসোপ্রোষ্টল ৫জন। এছাড়া জনবল স্বল্পতা নিয়েও জন্মনিয়ন্ত্রণ সেবা, মা ও শিশু স্বাস্থ্য সেবা, গর্ভকালীন সেবা, প্রসব সেবা, কিশোর-কিশোরী সেবা বৃদ্ধিকরণসহ কোভিড-১৯সহ অন্যান্য রোগের বিস্তার রোধে জনসচেতনতা বৃদ্ধিতে কাজ করা হচ্ছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কেন্দ্রগুলোতে প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চয়তাসহ আসবাবপত্র সরবরাহের জন্য সভায় অনুরোধ জানান। | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কেন্দ্রগুলোতে প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চয়তাসহ আসবাবপত্র সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উর্দ্ধতন কর্মকর্তা ববাবরে পত্র লিখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাড়াইল |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে রোপা আমন আবাদ হয়েছে ৭৭৮৫ হেক্টর জমিতে, এর মধ্যে হাইব্রিড ৫৩২ হেক্টর, উফশী-৭২৫০ হেক্টর, স্থানীয়-৩ হেক্টর। ধানের স্তর কুশি ৮৫%, কাইচ থোর ১৫%। খরিফ-২ মৌসুমে মোট সবজির আবাদ হয়েছে ২৭০ হেক্টর। বর্তমানে উপজেলায় রাসায়নিক সার, বীজ ও বালাইনাশক এর মজুদ পরিস্থিতি স্বাভাবিক। কোথাও কোন প্রকার সঙ্কট নেই। সার ও কীটনাশকের দোকান নিয়মিত মনিটরিং করা হচ্ছে। বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার, তাড়াইল |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। দেখা যায়, ১। সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ (সংখ্যা)-৩৯৪টি, ২। টিকা প্রদান সম্প্রসারণ ক) গবাদিপশু (সংখ্যা) ৪০০টি, খ) হাঁস-মুরগী (সংখ্যা) ৮০,০০০ টি, ৩। গবাদি পশু ও হাঁস মুরগি চিকিৎসা প্রদান ২৭,২৫০ টি, ৪। দুধ উৎপাদন ৩৫৫৩.২ মেট্রিকটন, ৫। মাংস উৎপাদন ২৩৭৪.৫৬ মেট্রিকটন, ৬। ডিম উৎপাদন ৫০.৫০ লক্ষ, ৭। রাজস্ব খাতে জমা ক) টিকা বিক্রয় বাবদ ২০,৮০০/- টাকা, খ) কৃত্রিম প্রজনন বাবদ ২৯৫৫০/- টাকা। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |

<table>
<tr><td>স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ</td><td>উপজেলা প্রকৌশলী জানান যে,<br>১। ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে উপজেলা সমূহের জন্য উন্নয়ন সহায়তা ( কোড নং-২২১০০০৪০০) থোক বরাদ্দের টাকা হতে সাধারণ বরাদ্দের ১ম কিস্তি বাবদ তাড়াইল উপজেলার জন্য ২০.২৯ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত অর্থ বছরে চতুর্থ কিস্তিসহ মোট ২০.২৯X৪=৮১.১৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে। ফলে, উক্ত টাকার স্কীম প্রদানের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করা হয়।<br><br>২। উন্নয়ন কর্তৃপক্ষ সমূহের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদ এর অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/স্থাপনার নকশা অনুমোদনের জন্য আবেদন ফরম এর মূল্য ২,০০০/- টাকা ও এর এ প্রদত্ত ক্ষমতাবলে ইমারত নির্মাণ বিধিমালা ১৯৯৬ নামে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় অধীন প্রজ্ঞাপন মোতাবেক বর্গফুট অনুমোদিত দর অনুসারে বর্গফুটে অনুমোদিত দর অনুসারে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে চালানের মাধ্যমে টাকা জমা প্রদান পূর্বক নকশা/স্থাপনা অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাব করেন।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।</td><td>১। ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে উপজেলা সমূহের জন্য উন্নয়ন সহায়তায় প্রকল্পের তালিকা সকল ইউনিয়ন পরিষদকে প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>২। । উন্নয়ন কর্তৃপক্ষ সমূহের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদ এর অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/স্থাপনার নকশা অনুমোদনের বিষয়ে বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ, তাড়াইল<br><br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি তাড়াইল</td></tr>
<tr><td>উপজেলা পরিষদ</td><td>উপজেলা পরিষদের প্রশাসক বলেন, আসন্ন দূর্গাপূজা উপলক্ষ্যে উপজেলা উন্নয়ন তহবিল হতে নিম্নোক্ত রাস্তাসমূহ মেরামতের জন্য প্রস্তাব রাখেন।<table><tr><th>প্রকল্পের নাম</th><th>টাকার পরিমাণ</th><th>পদ্ধতি</th></tr><tr><td>ক) তাড়াইল সাচাইল পোস্ট অফিস রোড মেরামত<br>খ) রাধা গোবিন্দ মন্দির রোড মেরামত</td><td>২০০০০০/-</td><td>পিআইসি</td></tr></table>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।</td><td>তাড়াইল উপজেলার উন্নয়ন তহবিল হতে পার্শ্বে বর্ণিত রাস্তাসমূহ বর্ণিত পদ্ধতি মোতাবেক মেরামতের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td></td></tr>
<tr><td>শিক্ষা বিভাগ</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, সরকারি নির্দেশনা অনুযায়ী বিদ্যালয় নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। বেইজলাইল সার্ভে অনুযায়ী শিখন ঘাটতি নিরুপনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। বিদ্যালয়ে শিক্ষার্থী উপস্থিতি কার্যক্রম জোরদার করা হচ্ছে। অফিসের অন্যান্য কাজ চলমান আছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা</td></tr>
<tr><td>মৎস্য বিভাগ</td><td>সভায় উপস্থিত উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, নিয়মিত মৎস্য চাষীদের মাছ চাষ পদ্ধতি সম্পর্কে পরামর্শ প্রদান করা হয়। নিয়মিত মৎস্য খামার পরিদর্শন করা হয়। এ মাসে হিজলজানী হাওরে ১৫টি চায়না দুয়ারি জাল, যার আনুমানিক দৈর্ঘ্য ৬০০ মিটার, আনুমানিক মূল্য ৬০,০০০/- টাকা এবং ২০টি কারেন্ট জাল যার আনুমানিক দৈর্ঘ্য ১৫০০০ মিটার আনুমানিক মূল্য ৬৫,০০০/- টাকা আটক করে জনসম্মুখে আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়।</td><td>সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা মৎস্য অফিসার, তাড়াইল</td></tr>
<tr><td>যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, এ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ঋণের পরিমাণ ৩,২০,০৭,৮০০/- টাকা ১০৪৫ জনকে প্রদান করে হয়েছে। বিবেচ্য মাসে আদায়ের পরিমাণ ১,৩৪,৩১৪/- টাকা আদায় করা হয়েছে। আদায়ের হার ৮৮.৫৪%। এ পর্যন্ত ক্রমপুঞ্জিভুত ৮৬:২ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাড়াইল উপজেলায় ৪২টি যুব সংগঠন রয়েছে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাড়াইল</td></tr>
<tr><td>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বক্তব্য জানা গেলা না।</td><td>সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাড়াইল</td></tr>
<tr><td>সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে।</td><td>সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা সমবায় অফিসার</td></tr>
<tr><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ</td><td>২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ের প্রকল্প বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত টাকা/খাদ্য শস্যের বিপরীতে উপজেলা কমিটিতে অনুমোদিত প্রকল্প তালিকা জেলা কর্ণাধার কমিটিতে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। এ বছর কাবিখা/কাবিটায় ১,০০,৫১,৯৩৭/৯০ টাকা, ৫৯.৯১২ মে.ট. চাল ও ৫৯.৯১২ মে.ট. গম এবং টিআর ৮৫,০৪,৭১৫/১০ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। অফিসের অন্যান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা প্রকল্প বাস্তাবায়ন অফিসার, তাড়াইল</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে,<br>১। ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে উপজেলা সমূহের জন্য উন্নয়ন সহায়তা ( কোড নং-২২১০০০৪০০) থোক বরাদ্দের টাকা হতে সাধারণ বরাদ্দের ১ম কিস্তি বাবদ তাড়াইল উপজেলার জন্য ২০.২৯ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত অর্থ বছরে চতুর্থ কিস্তিসহ মোট ২০.২৯X৪=৮১.১৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে। ফলে, উক্ত টাকার স্কীম প্রদানের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করা হয়।<br><br>২। উন্নয়ন কর্তৃপক্ষ সমূহের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদ এর অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/স্থাপনার নকশা অনুমোদনের জন্য আবেদন ফরম এর মূল্য ২,০০০/- টাকা ও এর এ প্রদত্ত ক্ষমতাবলে ইমারত নির্মাণ বিধিমালা ১৯৯৬ নামে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় অধীন প্রজ্ঞাপন মোতাবেক বর্গফুট অনুমোদিত দর অনুসারে বর্গফুটে অনুমোদিত দর অনুসারে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে চালানের মাধ্যমে টাকা জমা প্রদান পূর্বক নকশা/স্থাপনা অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাব করেন।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। | ১। ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে উপজেলা সমূহের জন্য উন্নয়ন সহায়তায় প্রকল্পের তালিকা সকল ইউনিয়ন পরিষদকে প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>২। । উন্নয়ন কর্তৃপক্ষ সমূহের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদ এর অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/স্থাপনার নকশা অনুমোদনের বিষয়ে বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ, তাড়াইল<br><br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি তাড়াইল |
| উপজেলা পরিষদ | উপজেলা পরিষদের প্রশাসক বলেন গত সভায় এ পর্যন্ত গৃহীত সকল প্রকল্প বিধি মোতাবেক কাজ সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। যে সব প্রকল্পের অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে সেগুলোর পত্র প্রস্তুত পূর্বক দ্রুত পাঠানোর জন্য অনুরোধ করেন।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। | তাড়াইল উপজেলার উন্নয়নের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থ বছরে উন্নয়ন তহবিল ও রাজস্ব তহবিল হতে গৃহীত প্রকল্পসমূহ বিধি মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, সরকারি নির্দেশনা অনুযায়ী বিদ্যালয় নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। বেইজলাইন সার্ভে অনুযায়ী শিখন ঘাটতি নিরুপনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। বিদ্যালয়ে শিক্ষার্থী উপস্থিতি কার্যক্রম জোরদার করা হচ্ছে। অফিসের অন্যান্য কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় উপস্থিত উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, নিয়মিত মৎস্য চাষীদের মাছ চাষ পদ্ধতি সম্পর্কে পরামর্শ প্রদান করা হয়। নিয়মিত মৎস্য খামার পরিদর্শন করা হয়। এ মাসে হিজলজানী হাওরে ১৫টি চায়না দুয়ারি জাল, যার আনুমানিক দৈর্ঘ্য ৬০০ মিটার, আনুমানিক মূল্য ৬০,০০০/- টাকা এবং ২০টি কারেন্ট জাল যার আনুমানিক দৈর্ঘ্য ১৫০০০ মিটার আনুমানিক মূল্য ৬৫,০০০/- টাকা আটক করে জনসম্মুখে আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য অফিসার, তাড়াইল |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, এ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ঋণের পরিমাণ ৩,২০,০৭,৮০০/- টাকা ১০৪৫ জনকে প্রদান করে হয়েছে। বিবেচ্য মাসে আদায়ের পরিমাণ ১,৩৪,৩১৪/- টাকা আদায় করা হয়েছে। আদায়ের হার ৮৮.৫৪%। এ পর্যন্ত ক্রমপুঞ্জিভুত ৮৪১২ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাড়াইল উপজেলায় ৪২টি যুব সংগঠন রয়েছে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাড়াইল |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বক্তব্য জানা গেলা না। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাড়াইল |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ের প্রকল্প বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত টাকা/খাদ্য শস্যের বিপরীতে উপজেলা কমিটিতে অনুমোদিত প্রকল্প তালিকা জেলা কর্ণাধার কমিটিতে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। এ বছর কাবিখা/কাবিটায় ১,০০,৫১,৯৩৭/৯০ টাকা, ৫৯.৯১২ মে.ট. চাল ও ৫৯.৯১২ মে.ট. গম এবং টিআর ৮৫,০৪,৭১৫/১০ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন অফিসার, তাড়াইল |

| | | | |
|---|---|---|---|
| মহিলা বিষয়ক বিভাগ | ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৫-২৬ চক্রের উপকারভোগদের মাঝে জুলাই-আগস্ট/২০২৫ মাস পর্যন্ত ২ মাসের খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। নির্বাচিত উপকারভোগীগণ জনপ্রতি মাসিক ৩০ কেজি হারে ২ বছর খাদ্য শষ্য সুবিধা প্রাপ্য হবেন। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় ৭টি ক্লাবে ২১০জন সদস্য রয়েছে। ক্লাস সমূহের সার্বিক কার্যক্রম চলমান আছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থ বছরে ইউনিয়ন ওয়ারী প্রতিমাসে ১৫টি করে কার্ড বরাদ্দ রয়েছে। বর্তমানে ইউনিয়ন পরিষদের উদ্যোক্তাদের মাধ্যমে অনলাইনে ভাতাভোগীদের আবেদন গ্রহণ কার্যক্রম চালু রয়েছে। ইউনিয়ন পর্যায়ে প্রতি মাসের ২০ তারিখের মধ্যে অনলাইনে আবেদন কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| জনস্বাস্থ্য বিভাগ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার অফিস হতে তথ্য পাওয়া যায়নি। সভায় আলোচনান্তে তাঁর বিভাগের কার্যক্রমের তথ্য মাসিক সভা শুরুর আগের দিন প্রেরণে জন্য অভিমত ব্যক্ত করা হয়। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনাসহ তাঁর বিভাগের কার্যক্রমের তথ্য মাসিক সভা শুরুর আগের দিন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক অফিসার, তাড়াইল |
| ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার | উপজেলা ইন্সট্রাক্টর এর নিয়ন্ত্রণে এখানে নিয়মিতভাবে টিচারদের প্রশিক্ষণ দেয়া হচ্ছে। তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য অনুরোধ করা হলো। | ইন্সট্রাক্টর, ইউআরসি, তাড়াইল |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| বন বিভাগ | গত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনের সম্মুখে ও পার্শ্ব রাস্তা করার জন্য আকাশি গাছ-০১ টি, মেহগনি গাছ-০২টি কর্তন এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে জরাজীর্ণ ও মড়া কর্তনকৃত ৬৭ (সাতষট্টি) টি গাছ নিলামের নিমিত্ত বন অধিদপ্তর কর্তৃক মূল্য নির্ধারণ করে প্রেরণ করা হয়েছে। দেখা যায়, উক্ত গাছের কাঠের পরিমাণ ১৬৯.৭৮ ঘনফুট, জ্বালানীর পরিমাণ ৫১.০০ ঘনফুট প্রাক্কলিত মূল্য ৫৪,৬২৫.৯৫ টাকা। উক্ত দরসমূহের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের ১৫/০৮/২০০৭ তারিখের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪ নং স্মারকে গঠিত কমিটি বন বিভাগ কর্তৃক নির্ধারিত মূল্যের সাথে একমত পোষন করে উক্ত মূল্যে নিলাম বিক্রয়ের কার্যক্রম গ্রহণের জন্য সুপারিশ করেছেন। | স্থানীয় সরকার বিভাগের ১৫/০৮/২০০৭ তারিখের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪ নং স্মারকে গঠিত কমিটি সুপারিশ মোতাবেক উক্ত গাছ সমূহ নিলামের বিক্রয়ের নিমিত্ত চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা প্রশাসক, কিশোরগঞ্জ বরাবরে প্রেরণে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা বন কর্মকর্তা, তাড়াইল |
| খাদ্য নিয়ন্ত্রণ বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| বিবিধ | সভাপতি বলেন, হরিজন সম্প্রদায় দীর্ঘদিন যাবৎ জেলা পরিষদের ডাক বাংলোর ভিতরে জেলা পরিষদের জায়গায় বসবাস করে আসছে। কিন্তু জেলা পরিষদের ডাক বাংলোর সংস্কার কাজ করার জন্য তাদেরকে সেই ডাক বাংলো ছেড়ে চলে যাওয়ার জন্য জেলা পরিষদ হতে বলা হয়েছে। তারা নিঃগৃহীত হরিজন/সুইপার সম্প্রদায় বিধায় তাদের পূর্নবাসনের জন্য রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ৫০,০০০/- টাকা আর্থিক সাহায্য দেওয়ার প্রস্তাব রাখেন। পাশাপাশি উক্ত খাত হতে তাৎক্ষণিক পরিস্থিতি মোকাবেলায় অত্র উপজেলার তাড়াইল সাচাইল ইউনিয়নের গুরুত্বপূর্ণ ০৪টি পূজা মন্ডবের নিরাপত্তা নিশ্চিতের জন্য পূজা মন্ডপের সিসি ক্যামেরার সাথে ওয়াইফাই কানেক্ট করে তা পূজা উপলক্ষে স্থাপিত কন্ট্রোল রুম, উপজেলা নির্বাহী | ১। হরিজন সম্প্রদায়কে জেলা পরিষদ হতে সরিয়ে পুনর্বাসনের লক্ষ্যে রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ৫০,০০০/- টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>২। তাড়াইল সাচাইল ইউনিয়নের গুরুত্বপূর্ণ ০৪টি পূজা মন্ডবের নিরাপত্তা নিশ্চিতের জন্য পূজা মন্ডপের | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| | অফিসার, অফিসার ইনচার্জ এর মোবাইল ফোনের সাথে সংযোগ করা এবং পূজামন্ডপগুলোর নামাজের সময়সূচি/গুরুত্বপূর্ণ মোবাইল নাম্বার সম্বলিত ব্যানার তৈরি বাব ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করার জন্য প্রস্তাব রাখেন। সে সাথে উপজেলা পরিষদের পরিচ্ছন্নতার নিমিত্ত শ্রমিক মজুরী বাবদ ২৫,০০০/- টাকা রাজস্ব তহবিল হতে উত্তোলনের প্রস্তাব রাখেন। সভাপতি বলেন, তাড়াইল উপজেলা পরিষদকে আরো সুন্দর ও পরিচ্ছন্ন করার লক্ষ্যে গৃহীত উন্নয়নমূলক প্রকল্প চলমান। গৃহীত উন্নয়ন প্রকল্পের কাজ শেষ হলে উপজেলা পরিষদের সৌন্দর্য বৃদ্ধি পাবে। পরিশেষে সভাপতি সকলের সহযোগিতা কামনা করেন।<br><br>এতদবিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | সিসি ক্যামেরার সাথে ওয়াইফাই কানেক্ট করা বাবদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ৫০,০০০/- টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>৩। উপজেলা পরিষদের পরিচ্ছন্নতার নিমিত্ত শ্রমিক মজুরী বাবদ ২৫,০০০/- টাকা রাজস্ব তহবিল হতে উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হলো। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/০৯/২০২৫

(মোছাঃ পপি খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৪৮৯২.০০০.০০.০১.২৫-৯৯২ তারিখ-২৯/০৯/২০২৫ খ্রি.

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

০১। সচিব, স্থানীয় সরকার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

০৪। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।

০৫। উপপরিচালক স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।

০৬। উপজেলা ............................................... কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ এবং সদস্য, উপজেলা পরিষদ।

০৭। চেয়ারম্যান (সকল) ...................................ইউনিয়ন পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ এবং সদস্য, উপজেলা পরিষদ।

উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।